

বন্ধু তুমি ভালো থেকে..

\*\*\*\*\*

বন্ধু তুমি ভালো থেকে চিরদিন  
সবার উপরে হ-ও তুমি আসীন।  
দেখোনা পিছন ফিরে কোনদিন  
কী পেলে কী হারালে এতদিন।  
শুধু এগিয়ে চলো জীবনের পথে  
ভেঙ্গে দিয়ে সব ব্যবধান,  
সুন্দর ভবিষ্যত দু-হাত বাড়িয়ে  
করছে তোমায় আহ্বান।  
তুমি জেগে ওঠো সবার আগে  
উদীয় মান সূর্যের মত  
তোমার ছটায় জেগে উঠুক জীবন  
ঘুমের ঘোর কাটিয়ে, অলসতা কাটিয়ে  
চলমান কর্মঠ হোক পৃথিবী।  
হয়ত আমি তোমার মত হতে পারবোনা  
কিন্তু আমি তোমার হয়েই যেন তোমার মধ্যে বেঁচে থাকি  
কেউ না হোক তুমি তো থাকবে সাক্ষী।  
আমি বেঁচে থাকবো তোমার ছায়াই  
যেমন বট বৃক্ষের বুকে বেঁচে থাকে গুল্মলতা  
আমি জড়িয়ে ধরে বেঁচে থাকবো তোমায়  
যেমন থাকে তরুলতা।  
ঝোড়ো হাওয়াই যাতে শেষ না হয়ে যায়  
তুমি, তোমার মধ্যে বাঁচিয়ে রেখো আমায়।

মীর গোলাম সাবীর আলী।

আমার কবিতা সংগ্রহ। ৯৮৩৬ ১০৭৯৫৭